



জর্ডানে মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলার দাবি ইরানের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক হামলার জবাবে জর্ডানে অবস্থিত মার্কিন বিমানঘাঁটি ও একটি নিয়ন্ত্রণ কেন্দ্রে ক্ষেপণাস্ত্র হামলা চালানোর দাবি করেছে ইরান। ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, এ হামলায় ১২টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়।

আইআরজিসির দাবি অনুযায়ী, জর্ডানের আল-আজরাক বিমানঘাঁটি এবং এর নিয়ন্ত্রণ কেন্দ্রে লক্ষ্য করে এই হামলা চালানো হয়। একই সঙ্গে কুয়েত ও বাহরাইনে থাকা মার্কিন সামরিক ঘাঁটিতেও পাল্টা অভিযান চালানো হচ্ছে বলে জানায় তারা।

সংস্থাটি আরও দাবি করেছে, কুয়েতে মার্কিন ঘাঁটিতে আগেও হামলা চালানো হয়েছে এবং ‘অবৈধভাবে’ হরমুজ প্রণালি অতিক্রমের চেষ্টা করা দুটি তেলবাহী জাহাজেও আঘাত হানা হয়েছে।

এ ছাড়া বাহরাইনের শেখ ইসা বিমানঘাঁটি এবং কুয়েতের আলি আল-সালেম ও আহমাদ আল-জাবের বিমানঘাঁটিতে ড্রোন হামলার দাবিও করেছে আইআরজিসি।